

বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজ

৯ জন অধ্যাপকসহ ৪০ জন শিক্ষকের পদ খালি

148

বরিশাল, ২৪শে আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)—বরিশাল শেরে বাংলা মেডিক্যাল কলেজের ১৪টি বিভাগে অধ্যাপকসহ ৪০ জন শিক্ষক না থাকায় ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। দীর্ঘদিন ধরিয়া এই সকল বিভাগে শিক্ষকের অভাব থাকায় কলেজের ছাত্র ছাত্রীরা রীতিমত ক্রাস হইতে বঞ্চিত হইতেছে। বেশ কয়েক বার শিক্ষক সমষ্টি সমাধানের দাবীতে কলেজে আন্দোলন হইয়াছে। ছাত্র-ছাত্রীরা ক্রাস পর্যন্ত বর্জন করিয়াছে। কলেজ অধ্যক্ষ কতৃপক্ষের নিকট বহুবার লেখালেখি করিয়াছে; কিন্তু কোন ফলোদয় হয় নাই।

কলেজে সর্বাধিক অচলাবস্থা সৃষ্টি হইয়াছে প্যাথলজি, সার্জারী ও কমিউনিটি মেডিসিন বিভাগে।

কলেজ সূত্রে প্রকাশ: এনাটমি বিভাগে একটি অধ্যাপক

পদ, দুইটি সহযোগী অধ্যাপক পদ ও দুইটি লেকচারারের পদ খালি রহিয়াছে। ফিজিওলজি বিভাগ দুইটি সহযোগী অধ্যাপক, একটি সহকারী অধ্যাপক ও দুইটি লেকচারারের পদ, ফর্মাকোলজী বিভাগে একটি অধ্যাপক, দুইটি লেকচারার ও একটি বায়ো কেমিষ্ট পদ, প্যাথলজি বিভাগে একটি অধ্যাপক, একটি সহযোগী অধ্যাপক, একটি লেকচারার, দুইটি ক্লিনিক্যাল প্যাথলজিষ্ট ও একটি কিউরেটর পদ, সার্জারী বিভাগে দুইটি অধ্যাপক, দুইটি সহযোগী অধ্যাপক ও দুইটি সহকারী অধ্যাপকের পদ, মিডওয়াইফারী বিভাগে একটি সহযোগী অধ্যাপক পদ, মেডিসিন বিভাগে একটি অধ্যাপক পদ, অপথালমোলজি বিভাগে একটি অধ্যাপক একটি সহযোগী অধ্যাপক পদ, নাক-কান-গলা বিভাগে একটি অধ্যাপক ও একটি সহযোগী

অধ্যাপক পদ, কমিউনিটি মেডিসিন বিভাগে একটি অধ্যাপক, একটি সহযোগী অধ্যাপক ও একটি সহকারী অধ্যাপক পদ, শিশু বিভাগে একটি সহযোগী অধ্যাপক পদ, এনাসথিসিওলজী বিভাগে একটি সহযোগী অধ্যাপক পদ, ফিজিওথিলি বিভাগে একটি সহযোগী ও একটি সহকারী অধ্যাপক পদ এবং চর্ম বিভাগে একটি সহযোগী অধ্যাপক পদ খালি রহিয়াছে।

জানা গিয়াছে যে এই সকল বিভাগের কতিপয় শিক্ষক বিদেশে 'মায়ারী সন্ধান' এবং কিছু শিক্ষক উচ্চতর প্রশিক্ষণ গ্রহণের জন্য গমন করিয়াছেন।

এইদিকে কলেজে শিক্ষক সমস্যার দরুন হাসপাতালে জটিল অবস্থার সৃষ্টি হইয়াছে। ফলে, রোগীরা চিকিৎসা সুবিধা হইতে বঞ্চিত হইতেছে।